রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, নভেম্বর ১৬, ২০১৫**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০২ অগ্রহায়ণ, ১৪২২ মোতাবেক ১৬ নভেম্বর, ২০১৫

নিম্নলিখিত বিলটি ০২ অগ্রহায়ণ, ১৪২২ মোতাবেক ১৬ নভেম্বর, ২০১৫ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :-

## বা. জা. স. বিল নং ৩৮/২০১৫

## Cadet College Ordinance, 1964 এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন), অত:পর পঞ্চদশ সংশোধনী বলিয়া উল্লিখিত, দ্বারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহ, অত:পর "উক্ত অধ্যাদেশসমূহ" বলিয়া উল্লিখিত, অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ৩ক এবং ১৮ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং-১০৪৪-১০৪৫/২০০৯ এ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ার ফলশ্রুতিতেও উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহ ও উহাদের অধীন প্রণীত বিধি, প্রবিধান, উপ-আইন, ইত্যাদি প্রজাতন্ত্রের কর্মের ধারাবাহিকতা, আইনের শাসন, জনগণের অর্জিত অধিকার সংরক্ষণ এবং বহাল ও অক্ষুণ্ন রাখিবার নিমিত্ত, জনস্বার্থে, অধ্যাদেশসমূহের কার্যকারিতা প্রদান আবশ্যক; এবং


মূল্য ঃ টাকা ৮.০০

যেহেতু দীর্ঘসময় পূর্বে জারীকৃত অধ্যাদেশসমূহ যাচাই-বাছাইপূর্বক যথানিয়মে নূতন আইন প্রণয়ন করা সময় সাপেক্ষ; এবং

যেহেতু পঞ্চদশ সংশোধনী এবং সুপ্রীম কোর্টের আপীল বিভাগের প্রদত্ত রায়ের প্রেক্ষিতে সৃষ্ট আইনী শূন্যতা সমাধানকল্পে সংসদ অধিবেশনে না থাকাবস্থায় আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান ছিল বলিয়া রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হওয়ায় তিনি ২১ জানুয়ারি, ২০১৩ তারিখে ২০১৩ সনের ১নং অধ্যাদেশ প্রণয়ন ও জারি করেন; এবং

যেহেতু সংবিধানের ৯৩(২) অনুচ্ছেদের নির্দেশনা পূরণকল্পে, উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখিবার স্বার্থে ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬নং আইন) প্রণীত হইয়াছে; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া যে সকল অধ্যাদেশ আবশ্যক বিবেচিত হইবে সেইগুলি সকল স্টেকহোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলায় নূতন আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Cadet College Ordinance, 1964 (E.P.Ord No. II of 1964) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম এবং প্রবর্তন**।—(১) এই আইন Cadet College (Amendment) Act, 2015 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **E. P. Ord No. II of 1964 এর section 4A এর সংশোধন** ।—Cadet College Ordinance, 1964 (E.P.Ord No. II of 1964), অত:পর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 4A এর পরিবর্তে নিম্নরূপ section 4A প্রতিস্থাপিত হইবে, যথা:—

"4A. **Constitution of the council of Cadet Colleges**.—The Council of Cadet Colleges shall consist of the following namely :—

**Chairman**

(a) Secretary, Ministry of Defence, ex-officio;

**Members**

(b) Chairman, Governing Body, ex-officio;

(c) Additional Secretary, Finance Division, Ministry of Finance, ex-officio;

(d) Joint Secretary, Ministry of Education, ex-officio;

(e) Director, Army Education, Bangladesh Army, ex-officio;

(f) One person to be nominated by the Chief of Naval Staff, Bangladesh Navy;

(g) One person to be nominated by the Chief of Air Staff, Bangladesh Air Force;

(h) Director General, Directorate of Secondary and Higher Education , ex-officio;

(i) Principals of all Cadet Colleges, ex-officio;

**Member Secretary**

(j) Joint Secretary, Ministry of Defence, ex-officio.”।

৩। **Ordinance No. II of 1964 এর section 5 এর সংশোধন।**—উক্ত Ordinance এর section 5 এর clause (a) এর পরিবর্তে নিম্নরূপ clause (a) প্রতিস্থাপিত হইবে, যথা—

“(a) Adjutant General, Bangladesh Army, (ex-officio);”।

৪। **রহিতকরণ ও হেফাজত।**—(১) Cadet College (Amendment) Ordinance, 1976 (Ordinance No. X of 1976), Cadet College (Amendment) Ordinance, 1978 (Ordinance No. XXVIII of 1978), এবং Cadet College (Amendment) Ordinance, 1979 (Ordinance No. XIII of 1979), অতঃপর উক্ত Ordinance সমূহ বলিয়া উল্লিখিত, এতদদ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Ordinance-এর অধীনকৃত সকল কাজকর্ম ও গৃহীত ব্যবস্থা এই আইনের অধীনকৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

---

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট থেকে ১৯৭৯ সালের ০৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত অধ্যাদেশসমূহের অনুমোদন ও সমর্থন (ratification and Confirmation) সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ১৮ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহ কার্যকারিতা হারিয়েছে।

২। উল্লেখ্য যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাভুক্ত নিম্নোক্ত অধ্যাদেশত্রয় উপরে বর্ণিত সময়ের মধ্যে জারি করা হয়েছিল :—

(১) The Cadet College (Amendment) Ordinance, 1976 (Ordinance No. X of 1976);

(২) The Cadet College (Amendment) Ordinance, 1978 (Ordinance No. XXVIII of 1978);

(৩) The Cadet College (Amendment) Ordinance, 1979 (Ordinance No. XIII of 1979);

৩। উল্লিখিত অধ্যাদেশত্রয় দ্বারা বিদ্যমান Cadet College Ordinance, 1964-এ, সময় সময়, কতিপয় সংশোধন সাধন করা হয়েছিল। অধ্যাদেশত্রয় সেনাসদর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা (সমন্বয়), ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা করে এর আবশ্যকতা বিবেচনা সমন্বিত করে আইনে পরিণত করার প্রস্তাব করেছে। অনুচ্ছেদ-২-এ উল্লিখিত অধ্যাদেশত্রয়ের অধীন বিধানসমূহের কার্যকারিতা জনস্বার্থে বহাল ও অক্ষুণ্ন রাখার লক্ষ্যে নতুন আইন প্রণয়ন করা প্রয়োজন।

৪। এমতাবস্থায় অনুচ্ছেদ-২-এ কার্যকারিতা হারানো অধ্যাদেশত্রয়ের স্থলে এ সংক্রান্ত একটি নতুন আইনের খসড়া বিল মন্ত্রিসভা সদয় নীতিগত অনুমোদন করেছে। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ বিলটি ভেটিং করেছে।

৫। এক্ষণে Cadet College (Amendment) Act, 2015 শীর্ষক বিলটি মহান সংসদে বিবেচনার জন্য উপস্থাপন করছি।

**সৈয়দ আশরাফুল ইসলাম**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**মোঃ আশরাফুল মকবুল**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd